

## লাইট পোস্ট টার

তৌহিদ এনাম

এই যে এখন  
গল্লামারীর পথ এড়াতেই  
জটলা দেখি  
ধোঁয়ার ফাঁকে গাড়ির মাঝে  
সুতির শাড়ির পাট ভাঙতেই  
নিস্পালক দাঢ়িয়ে থাকি।

কিন্ত জানি  
এই রমনীর - সেই রমনীর  
সব চোখেতেই  
আয়না বাঁধা  
কষ্ট নিয়ে তাকিয়ে দেখি  
লাইট পোস্টার কাঁচ ভেঙেছে!

ক্লান্ত সকাল থমকে আছে  
পথের ধারে ময়লা ভুঁয়ে  
টোকাইরা সব দল বেঁধেছে  
বেকার যুবক  
দুপুর রোদে ঘামছে শুধু  
ভেতর বাড়ির দেয়াল জুড়ে  
কানাগুলো ছড়িয়ে আছে  
কাঁদছে শুধু

দিন পেড়িয়ে রাত এসে যায়  
নিয়ন আলোয়  
দাঢ়িয়ে থেকে  
বুরাতে পারি এই শহরটা ব্যস্ত অনেক  
তোমার আমার যুগল ভূমন  
হয়না এখন হয়না এখন।

(কবি ১৩ মার্চ ২০০৪ কটকা সমুদ্র সৈকতে নিহত ১২জনের একজন)